# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**10-05-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল আনুষ্ঠানিকভাবে প্রশাসনিক কাজকর্ম শুরু করবেন। নবান্নে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক সোমবারই।

রাজ্যের আইনশৃঙ্খলা এবং সার্বিক পরিস্থিতি নিয়ে একাধিক প্রশাসনিক বৈঠকের কর্মসূচী রয়েছে।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজেপি সরকারের জনকল্যাণমূলক নীতিই রাজ্যে বিধানসভা নির্বাচনে দলের জয়ের পথ প্রশস্ত করেছে।

৩) বিধানসভা নির্বাচনে পরাজয়ের পর তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী বিজেপি বিরোধী দলগুলিকে তাঁর সঙ্গে জোট বাঁধার জন্য এগিয়ে আসার যে আহ্বান জানিয়েছেন, কংগ্রেস ও বিজেপি তার সমালোচনা করেছে। বামেরা আগেই এই প্রস্তাবকে কটাক্ষ করেছে।

৪) ২০১৯ ব্যাচের আইএএস আধিকারিক পি. প্রমোথ এবং ২০২০ ব্যাচের আইএএস অফিসার নবনীত মিত্তলকে মুখ্যমন্ত্রীর দফতরে যুগ্ম সচিব পদে নিয়োগ করা হয়েছে।

৫) আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং ১-৩ গোলে কেরালা ব্লাস্টার্স এর কাছে পরাজিত হয়েছে।

---

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল আনুষ্ঠানিকভাবে প্রশাসনিক কাজকর্ম শুরু করবেন। নবান্নর ১৪ তলায় ক্যাবিনেট রুমে হবে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক। এদিনই তিনি পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন করবেন। মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাতে নবান্নে গার্ড অব অনার দেওয়া হবে।

প্রথম মন্ত্রিসভার বৈঠকে বিজেপির নির্বাচনী প্রতিশ্রুতি নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। রাজ্যে আয়ুষ্মান ভারত প্রকল্প চালু করা, অন্নপূর্ণার ভাণ্ডার, সপ্তম পে কমিশন ইত্যাদি নিয়ে বৈঠকে আলোচনা করবেন মুখ্যমন্ত্রী।

এদিকে, নতুন বিধায়কদের শপথবাক্য পাঠ করানোর জন্য তিনদিন বসছে বিধানসভা। আগামী বুধ, বৃহস্পতি ও শুক্রবার বিধায়কদের শপথবাক্য পাঠ করানো হবে বলে খবর। তার আগে মঙ্গলবার নির্বাচিত হবেন অধ্যক্ষ প্রতীম। রাজ্যপাল আর এন

রবি তাঁকে শপথবাক্য পাঠ করাবেন। সূত্রের খবর, প্রোটেম স্পিকারের দায়িত্ব পাচ্ছেন তাপস রায়।

-------------------

আইনশৃঙ্খলা, উন্নয়ন সহ রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল প্রশাসনিক বৈঠকে বসবেন। পরপর তিনটি বৈঠকে তিনি যোগ দেবেন বলে খবর। প্রথমে নবান্ন সংলগ্ন সভাঘরে সব দপ্তরের সচিবদের সঙ্গে তাঁর বৈঠক হবে। এরপর সব জেলা শাসকদের সঙ্গে বৈঠকের কর্মসূচি রয়েছে তাঁর। মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহানির্দেশক, কমিশনার ও জেলা পুলিশ সুপারদের সঙ্গেও বৈঠক করবেন তিনি। নির্বাচনের জন্য গত দু মাস স্থগিত থাকা প্রকল্পের কাজের অগ্রগতি এবং বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত শুরু করা নিয়েও তিনি বৈঠকে, সচিব, আমলাদের নির্দেশ দেবেন বলে মনে করা হচ্ছে।

এদিকে, নবান্নে মুখ্যমন্ত্রীর প্রথম বৈঠককে কেন্দ্র করে নিরাপত্তা আরও জোরদার করতে তৎপর হাওড়া ও কলকাতা পুলিশ।

কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দ এবং হাওড়ার পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী আজ নবান্ন চত্বর ও আশপাশের এলাকা পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন পুলিশের

উচ্চপদস্থ আধিকারিকরাও। পরে নবান্ন সভাঘরে নিরাপত্তা সংক্রান্ত জরুরি বৈঠকও করেন তাঁরা।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজেপি সরকারের জনকল্যাণমূলক নীতিই রাজ্যে বিধানসভা নির্বাচনে দলের জয়ের পথ প্রশস্ত করেছে। বেঙ্গালুরুতে আজ এক অনুষ্ঠানে অংশ নিয়ে বাংলায় বিজেপির সাফল্যের কাহিনী দলীয় কর্মীদের সঙ্গে ভাগ করে নেন তিনি। শ্রী মোদী বলেন, গত ১০ বছরে দলীয় নেতা কর্মীরা যেভাবে নিষ্ঠার সঙ্গে কাজ করে গেছেন, তারই ফল হল এই জয়। (১০ বছর আগে যেখানে দলে মাত্র ৩ জন বিধায়ক ছিলেন, এখনসেই সংখ্যা ২০০ ছাড়িয়েছে।)

বাইট

-------------------

তৃণমূল কংগ্রেসের আমলে তপসিলি শংসাপত্র নিয়ে দুর্নীতি হয়েছে বলে অভিযোগ করেছেন, বাঁকুড়ার রানীবাঁধের বিজেপি বিধায়ক ক্ষুদিরাম টুডু। পূর্ব বর্ধমানে জাহের থানে আজ সকালে তাঁকে সম্বর্ধনা দেওয়া হয়। রাজ্যে নবগঠিত বিজেপি সরকারের মন্ত্রী ক্ষুদিরাম টুডু সাংবাদিকদের বলেন, রাজ্যে যে সব ভুয়ো তফসিলি উপজাতি শংসাপত্র

দেওয়া হয়েছে, তা বাতিল করা হবে। যেসব আধিকারিক এই দুর্নীতির সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে ।

অন্যদিকে যারা এই ভুয়ো শংসাপত্র ব্যবহার করে চাকরি বা অন্য সরকারি সুবিধা পেয়েছেন, তাদের বিরুদ্ধেও তদন্ত করা হবে বলে মন্ত্রী জানিয়েছেন। রাজ্যের বিভিন্ন জেলায় বন্ধ হওয়া আদিবাসী ছাত্রাবাস এবং আশ্রম হোস্টেল আবার খোলা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে পরাজয়ের পর কংগ্রেস এবং বামপন্থী দলগুলিকে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী এক মঞ্চ থেকে লড়াইয়ের যে বার্তায় দিয়েছেন, বিজেপি তার সমালোচনা করেছে। দলের রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা আজ সাংবাদিকদের বলেন, মমতা ব্যানার্জীর সমর্থনে আর কোনো দলই এগিয়ে আসবে না। কারণ সকলেই জানেন, তাঁর নীতি হল হিংসা এবং ভয়ের পরিবেশ তৈরি।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও কটাক্ষ করে বলেছেন, রাজনৈতিক অস্তিত্ব টিকিয়ে রাখতেই মমতা ব্যানার্জীর এই আবেদন। রাহুল গান্ধীকে ইন্ডি জোটের নেতা হিসেবে মেনে নিলেই তৃণমূল কংগ্রেসকে সমর্থনের বিষয়ে বিবেচনা করা হবে বলে তিনি জানান।

বামদলগুলি আগেই এই প্রস্তাবের সমালোচনায় সরব হয়।

-------------------

রাজ্যে মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করার পর, আজ নিজের বিধানসভা কেন্দ্রে অভিনন্দন যাত্রা করেন খড়গপুর সদর বিধানসভার বিজেপি বিধায়ক দিলীপ ঘোষ।

বিকেলে খড়গপুর শহরের কৌশল্যা মোড় থেকে চাঁদমারি হসপিটাল পর্যন্ত বর্ণাঢ্য মিছিলে পা মেলান দলের কর্মী সমর্থক ও সাধারন মানুষ।

-------------------

আলিপুরে রাজ্যের অতিথিশালা-সৌজন্য, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বাসভবন হিসেবে ব্যবহার করা যায় কিনা, তা নিয়ে আজ বৈঠকে বসে রাজ্য প্রশাসন। ওই ভবনের নিরাপত্তাও খতিয়ে দেখেন কলকাতা পুলিশের শীর্ষ কর্তারা। তবে মুখ্যমন্ত্রী এই ভবনেই থাকবেন কিনা এখনও তা চূড়ান্ত হয়নি। তিনি বর্তমানে চিনার পার্কে থাকেন।

-------------------

২০১৯ ব্যাচের আইএএস আধিকারিক পি. প্রমোথ এবং ২০২০ ব্যাচের আইএএস অফিসার নবনীত মিত্তলকে মুখ্যমন্ত্রীর দফতরে যুগ্ম সচিব পদে নিয়োগ করা হয়েছে। বর্তমানে পি প্রমোথ অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং বস্ত্র দফতরের যুগ্ম সচিব পদে কর্মরত ছিলেন।

অন্যদিকে নবনীত মিত্তল নিযুক্ত ছিলেন পশ্চিম মেদিনীপুরের অতিরিক্ত জেলাশাসক পদে। নতুন নির্দেশ অনুযায়ী, দু'জনেই অবিলম্বে মুখ্যমন্ত্রীর দফতরে যোগ দেবেন।

একই সঙ্গে মুখ্যমন্ত্রীর দফতরে কর্মরত সহকারী সচিব পবিত্র চক্রবর্তীকে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমে পাঠানো হয়েছে। নবান্নর তরফে এক নির্দেশিকায় জানানো হয়েছে, তাঁকে কোচবিহারের পরিবহণ ভবনে নিযুক্ত করা হচ্ছে। আপাতত তাঁর বেতন হোম ও হিল অ্যাফেয়ার্স দফতর থেকেই দেওয়া হবে।

-------------------

রাজ্য সরকার, সাতজন ডাবলুবিসিএস এক্সিকিউটিভ আধিকারিককে মুখ্যমন্ত্রীর কার্যালয়ে সিনিয়র ডেপুটি সেক্রেটারির দায়িত্ব দিয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের তরফে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে। এই সাত আধিকারিক হলেন সম্রাট চক্রবর্তী, অমর্ত্য চক্রবর্তী, অয়ন দত্ত গুপ্তা, রাজর্ষি নাথ, সুরজিৎ রায়, প্রমিত দাস ও দীপ ভাদুড়ি।

-------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথের খুনের তদন্তে আরও কিছু তথ্য পেয়েছে বিশেষ তদন্তকারী দল - সিট। খুনে ব্যবহৃত গাড়িটি ঝাড়খন্ড থেকে আনা হয়েছিল বলে প্রথামিকভাবে মনে করছেন তদন্তকারীরা। বালি টোলপ্লাজায় অনলাইনে

টাকা পাঠানো হয়েছিল। সেই ইউপিআই তথ্যকে সূত্র করেই অভিযুক্তদের খোঁজ চলছে। তাদের সন্ধানে তদন্তকারী দলের আধিকারিকরা উত্তরপ্রদেশের আগ্রায় গেছেন। এক মাসেরও বেশি সময় ধরে খুনের পরিকল্পনা চলছিল বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

------------------

মধ্য কলকাতার এন্টালিতে প্রোমোটার তাপস নস্করকে খুনের ঘটনায় পুলিশ আরও একজনকে গ্রেপ্তার করেছে। ধৃত ভোলা করকে উত্তর ২৪ পরগণার হাসনাবাদ থেকে পাকড়াও করা হয়। বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পরদিন ৫ ই মে খুন হন তাপস। ঘটনার পরই নবদ্বীপ থেকে গ্রেপ্তার হয় অন্যতম অভিযুক্ত দীপক দাস। নিহত প্রোমোটার তৃণমূল কংগ্রেস ঘনিষ্ট বলে জানা গেছে।

------------------

উত্তর ২৪ পরগনার বাগদার পাথুরিয়া এলাকায় তৃণমূল কংগ্রেস নেতার বাড়িতে ভাঙচুরের অভিযোগ উঠেছে বিজেপি বিরুদ্ধে। পরিস্থিতি সামাল দিতে গিয়ে আক্রান্ত পুলিশ কর্মীরাও। এই ঘটনায় পুলিশ একজনকে গ্রেফতার করেছে। তৃণমূল কংগ্রেস নেতা মিহির বিশ্বাসের অভিযোগ, গতকাল বিজেপির বিজয় মিছিল তাঁর বাড়ির সামনে পৌঁছতেই একদল যুবক মিছিল থেকে বেরিয়ে তাঁর বাড়িতে চড়াও হয়। বাড়ির ভিতরে ঢুকে ভাঙচুর করে তাঁরা।

যদিও বিজেপির দাবি, তৃণমূলের অনেকেই বর্তমানে নব্য বিজেপি হওয়ার চেষ্টা করছে। তারাই এই কাজের সঙ্গে যুক্ত।

------------------

বকেয়া মহার্ঘ ভাতা অবিলম্বে মেটানো, সপ্তম বেতন কমিশন গঠন সহ বেশ কিছু বিষয় নিয়ে কথা বলার জন্য সময় চেয়ে বাম সমর্থিত সরকারি কর্মচারী সংগঠন-রাজ্য কোঅর্ডিনেশন কমিটি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছে। নবনির্বাচিত সরকার জনকল্যাণমূলক নীতি প্রণয়ন ও কার্যক্রমে দ্রুত উদ্যোগী হবে বলে সংগঠনের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরীর ওই চিঠিতে আশা প্রকাশ করেছেন।

------------------

কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রামে বৃষ্টির পরিমাণ বেশি থাকবে।

আগামীকাল থেকে এই সব এলাকায় বৃষ্টির পরিমাণ কমবে। তবে আগামী কয়েকদিন তাপমাত্রা ৩ থেকে ৪ ডিগ্রী বাড়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে আগামী মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

(কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ২.১ ডিগ্রী কম।)

-------------------

কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং ১-৩ গোলে কেরালা ব্লাস্টার্স এর কাছে পরাজিত হয়েছে। কেরালা ব্লাস্টার্স এর পক্ষে ফ্রান্সিসকো ফেউলাসার, ভিক্টর  বারটোমিউ, এম এস শ্রীকুত্তান গোল করেছেন। মহামেডান এর হয়ে একমাত্র গোলটি করেছেন মহিতিশ রায়। ১২ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে কেরালা লিগ তালিকায় অষ্টম স্থানে রয়েছে। অন্যদিকে মহামেডান স্পোর্টিং ১১ ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে ১৪ দলের আই এস এলে সর্বশেষ স্থানে রয়েছে।

-------------------

ইস্টবেঙ্গল, আগামীকাল আইএসএল ফুটবলে , পাঞ্জাব এফ সি, র বিরূদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।১০ ম্যাচে ২১

পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল লিগ তালিকার শীর্ষে রয়েছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফ সি, র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৮, ।

পাঞ্জাব দলটি যথেষ্ট শক্তিশালী প্রতিপক্ষ হলেও দলের জয়ের ব্যাপারে তিনি আত্মবিশ্বাসী বলে ইস্টবেঙ্গলের কোচ অস্কার ব্রুজো মন্তব্য করেছেন।

------------------- -------------------